# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 03 May, 2025

হেফাজতে ইসলাম বাংলাদেশের মহাসচিব মওলানা সাজিদুর রহমান এ কর্মসূচি ঘোষণা করেন।

আমির আল্লামা শাহ্ মুহিব্বুল্লাহ্ বাবুনগরীর সভাপতিত্বে শনিবার (৩ মে) সকাল ৯টার দিকে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে হেফাজতে ইসলাম বাংলাদেশের শুরু হওয়া মহাসমাবেশ শেষ দুপুর সোয়া ১টার দিকে।

হেফাজতে ইসলাম বাংলাদেশসহ দেশের শীর্ষ নেতারাসহ দেশবরেণ্য উলামায়ে কেরামসহ নেতা-কর্মীরা ঢাকাসহ বিভিন্ন জেলা থেকে অংশ নেন।

সাজিদুর রহমান বলেন, ‘এসব দাবি আদায়ে আমরা আন্দোলন করব, সংগ্রাম করব, প্রয়োজনে জেহাদ করব। হেফাজতের আমির শাহ মুহিব্বুল্লাহ বাবু নগরীর মোনাজাতের মাধ্যমে মহাসমাবেশ শেষ হয়।

চার দফা দাবি

১. নারী বিষয়ক সংস্কার কমিশনের কুরআন-সুন্নাহবিরোধী প্রতিবেদনসহ কমিশন বাতিল।

২. সংবিধানে আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস পুনর্বহাল।

৩. ফ্যাসিবাদের আমলে দায়ের করা সব মিথ্যা মামলা প্রত্যাহার ও শাপলা চত্বরে সংঘটিত গণহত্যাসহ সব হত্যার বিচার।

৪. ফিলিস্তিন ও ভারতে মুসলিম গণহত্যা ও নিপীড়ন বন্ধে সরকারের কূটনৈতিক তৎপরতা বৃদ্ধি।

মহাসমাবেশ হেফাজতে ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:03

URL: https://www.timestodaybd.com/national/1840705743